



স্মারক নং: ০৩.৮০৪.০০৩.০০.০০.০১৭.২০১৭/ ৪৬০

তারিখ: ০৪ ফাল্গুন ১৪২৩
১৬ ফেব্রুয়ারি ২০১৭

বিষয়: ডিজিটাল সেন্টার থেকে মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস 'শিওর ক্যাশ' এর সেবা চালু করার লক্ষ্যে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান প্রসঙ্গে।

রূপকল্প ২০২১ বাস্তবায়নে জনগণের দোরগোড়ায় সহজে, দ্রুত ও স্বল্প ব্যয়ে সেবা পৌঁছে দেবার লক্ষ্যে সারাদেশের সকল ইউনিয়ন, পৌরসভা ও সিটি কর্পোরেশনে ডিজিটাল সেন্টার স্থাপন করা হয়। এ সকল ডিজিটাল সেন্টার স্থাপনের ফলে নাগরিকদের জীবনমানে ইতিবাচক পরিবর্তন সাধিত হচ্ছে। মাননীয় প্রধানমন্ত্রীর নতুন নতুন সরকারি ও বেসরকারি সেবা ডিজিটাল সেন্টারে যুক্ত করার বিষয়ে নির্দেশনার প্রেক্ষিতে এটুআই প্রোগ্রাম প্রান্তিক মানুষের দোরগোড়ায় ব্যাংকিং সুবিধাসহ বিভিন্ন আর্থিক সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এ প্রেক্ষিতে ডিজিটাল সেন্টারে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান প্রগতি সিস্টেম লিমিটেড এর মোবাইল ব্যাংকিং সেবা 'শিওর ক্যাশ' যুক্ত করা প্রয়োজন। উল্লেখ্য, 'শিওর ক্যাশ' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রাথমিক উপবৃত্তি, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের বিল প্রদান, পরীক্ষার ফি এবং অন্যান্য খরচ, অনলাইন কেনাকাটা ও অর্থপ্রেরণসহ বিভিন্ন সেবা প্রদান করা হয়। ইতোমধ্যে, এ সেবাটি ডিজিটাল সেন্টারে যুক্ত করার লক্ষ্যে শিওর ক্যাশ এর পক্ষ থেকে উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ডিজিটাল সেন্টারে এ সেবাটি যুক্ত করার লক্ষ্যে সেন্টারের নামে ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং এজেন্ট হিসেবে সেন্টারের নাম থাকবে।

২। এমতাবস্থায়, আপনার জেলার সকল ডিজিটাল সেন্টারে 'শিওর ক্যাশ মোবাইল ব্যাংকিং' সেবা যুক্ত করার বিষয়ে উক্ত প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও আগ্রহী উদ্যোক্তাদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

(কবির বিন আনোয়ার)^১
মহাপরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয় ও
প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম।
ফোন: ৮১৪২৭০০

জেলা প্রশাসক (সকল)
.....জেলা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে):

- ১। কমিশনার,.....বিভাগ (সকল)।
- ২। জনাব ড. শাহাদাত খান, প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রগতি সিস্টেম লিমিটেড।
- ৩। জনাব মোঃ আবু তালেব, চিফ বিজনেস অফিসার, প্রগতি সিস্টেম লিমিটেড।
- ৪। অফিস কপি।